

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ টেলিভিশন  
সদর দপ্তর  
রামপুরা, ঢাকা-১২১৯  
www.btv.gov.bd

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়

ডায়েরী নং ২২...২৪...তারিখ: ০৬/০৭/২৩

নং-১৫.৫৪.০০০০.০২১.৯৯.১৭২.২১. ২৩

তারিখ : ২৩ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
০৫ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

সভার বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে অবহিতকরণ সভা  
তারিখ : ২৬ জুন ২০২৩ খ্রি:  
সময় : সকাল ১০.০০ ঘটিকা  
স্থান : সভা কক্ষ ও জুম অ্যাপস  
সভাপতি : মহাপরিচালক

প্রধান কার্যালয় ও ঢাকা/চট্টগ্রাম কেন্দ্রের উপস্থিত কর্মকর্তাগণ এবং অনলাইনে সংযুক্ত ১৪টি উপকেন্দ্রপ্রধানদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। এরপর তিনি অনলাইনে সংযুক্ত উপকেন্দ্র প্রতিনিধিদের সাথে পরিচিত হন। সভাপতি সভাকে অবহিত করেন যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৩ অনুযায়ী বিটিভির সিটিজেনস্ চার্টার প্রণয়ন ও বাস্তবায়নে প্রতি ত্রৈমাসিকে কেন্দ্র-উপকেন্দ্রসমূহকে নিয়ে একটি অবহিতকরণ সভা করার নির্দেশনা রয়েছে যার পরিপ্রেক্ষিতে আজকের এই সভা। তিনি উল্লেখ করেন যে সেবাগ্রহীতাদের আরো অধিকতর উন্নত সেবাদান এবং বিটিভির কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিতকরণের জন্য প্রতিটি কেন্দ্র ও উপকেন্দ্র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন করবে এবং এই সেবা প্রদান প্রতিশ্রুতি সংশ্লিষ্ট সেবা গ্রহীতাদের জানানোর জন্য ওয়েবসাইটে প্রচারসহ প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে। সভাপতি সুশাসন প্রতিষ্ঠায় সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেনস্ চার্টার বাস্তবায়নের গুরুত্ব তুলে ধরেন। সিটিজেনস্ চার্টার প্রস্তুত করার ক্ষেত্রে এটি যেন সহজ, ব্যবহার উপযোগী ও কার্যকর হয় সে বিষয়ে কেন্দ্র ও উপকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সচেতন থাকার বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন। আলোচনায় অংশ নিয়ে বিটিভির উপকেন্দ্রের প্রতিনিধিরা সভাকে অবহিত করেন যে নাগরিকগণ যাতে সহজেই বিটিভির সেবার নাম, সেবা পদ্ধতি জানতে পারে সেজন্য দৃশ্যমান স্থানে সিটিজেনস্ চার্টার প্রদর্শন করা হয়েছে। এছাড়াও সিটিজেনস্ চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট বরাবর প্রেরণ এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রশাসন শাখায় প্রেরণ করা হচ্ছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে তারা সচেতন সচেতন রয়েছেন মর্মে সভাকে অবহিত করেন। উপকেন্দ্রের প্রতিনিধিগণ সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেনস্ চার্টার বিষয়ে প্রধান কার্যালয়ে তাদের নিয়ে প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ জানান। পরিশেষে সভাপতি বিটিভির সেবার মান বৃদ্ধিতে বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সকলকে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

- ক) কেন্দ্র/উপকেন্দ্রসমূহকে প্রতি ত্রৈমাসিকে স্ব-স্ব সিটিজেনস্ চার্টার হালনাগাদপূর্বক প্রশাসন শাখাকে অবহিত রেখে ওয়েবসাইটে প্রকাশের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট বরাবর প্রেরণ করতে হবে।
- খ) যে সকল কেন্দ্র/উপকেন্দ্রে দৃশ্যমান স্থানে সিটিজেনস্ চার্টার প্রদর্শন করা হয়নি সেখানে অতিদ্রুত তা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- গ) শাখাসমূহ ও কেন্দ্র/উপকেন্দ্রসমূহকে স্বপ্রণোদিতভাবে প্রতি প্রান্তিকের শেষ কর্মদিবসের পূর্বে নির্ধারিত ছকে সেবা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করতে হবে।
- ঘ) উপকেন্দ্রের কর্মকর্তা/ কর্মচারীদের সেবা প্রদান বিষয়ে দক্ষতা অর্জনে প্রধান কার্যালয় কর্তৃক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।



০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মো. জাহাঙ্গীর আকম  
মহাপরিচালক  
ফোন: ৫৫১৩২২২২(অফিস)

নং: ১৫.৫৪.০০০০.০২১.৯৯.১৭২.২১.

২২১৬/১ (৫)

তারিখ : আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। উপমহাপরিচালক (অনুষ্ঠান)/ (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৩। পরিচালক.....(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বিটিভি, ঢাকা।
- ০৫। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র/ চট্টগ্রাম কেন্দ্র।
- ০৬। কন্ট্রোলার/ লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৭। উপকেন্দ্র প্রধান .....(সকল), বাংলাদেশ টেলিভিশন।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
- ০৯। কার্যালয় নথি।

আফিফা আফরোজ  
০৪/৭/২৩  
(আফিফা আফরোজ)  
সহকারী পরিচালক (প্রশাসন)  
ফোন: ৫৫১৩১৯১৮

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
	সিনিয়র সিস্টেম এনালিস্ট

০৪/৭/২৩

স্বাক্ষর

০৪/৭/২৩

২২৭৬